



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ অক্টোবর' ২০২৩ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত সিরাজউদ্দেন্দ্বা রোডের অবৈধ কাঁচা বাজার উচ্ছেদ সহ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহীন ফেরদৌসী এর নেতৃত্বে নগরীর কোতোয়ালী ও চকবাজার থানাধীন সিরাজ-উদ-দৌল্লা রোড, আন্দরকিল্লা, রহমতগঞ্জ ও চন্দনপুরা এলাকায় অভিযান পরিচালিত হয়। অভিযানে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে দর্শনার্থীদের নির্বিশেষ চলাচলের সুবিধার্থে থায় শতাধিক অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ করা হয়। এসময় রাস্তায় দোকানের অংশ বর্ধিত করায়, ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল ও নির্মাণ সামগ্রী রাস্তায় রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১১ ব্যক্তির বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ৪৭ হাজার ৫ শত টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, কোতোয়ালী ও চকবাজার থানা পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮